# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭০৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

بَابُ الْمَسَاجِدِ وَمَوَاضِعِ الصَّلَاةِ

---

আরবী

وَعَنْ كَعْبِ بْنِ مَالِكٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَقْدَمُ مِنْ سَفَرٍ إِلَّا نَهَارًا فِي الضُّحَى فَإِذَا قَدِمَ بَدَأَ بِالْمَسْجِدِ فَصَلَّى فِيهِ رَكْعَتَيْنِ ثمَّ جلس فِيهِ

বাংলা

৭০৫-[১৭] কা’ব ইবনু মালিক (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সফর হতে দিনের সকালের দিক ছাড়া আগমন করতেন না। আগমন করেই তিনি প্রথমে মসজিদে প্রবেশ করতেন। দু’ রাক্‌’আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন, তারপর সেখানে বসতেন। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩০৮৮, মুসলিম ৭১৬, আবূ দাঊদ ২৭৭৩, আহমাদ ১৫৭৭৫, নাসায়ী ৭৩১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: কারো মতে হিকমাহ্ এ সময়টি প্রফুল্লতার সময়। এতে তার সাহাবীগণের কষ্ট অনুভব হয় না। তবে ভর দুপুরে আসার বিপরীত, কেননা সে সময়টি আরাম ও ঘুমের সময়।

فَصَلّى فِيهِ رَكْعَتَيْنِ তিনি সেখানে দু’রাক্‌’আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছেন। এটা যেন সন্দেহ না হয় এটা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে খাস। কেননা জাবির (রাঃ)-কে তিনি সফর হতে আগমনের সালাত আদায়ের আদেশ দিয়েছেন। আর এ সালাতটি সফর হতে আগমনের সালাত তাহিয়্যাতুল সালাত না তবে তাহিয়্যাতুল সালাতও আদায় হবে।

(ثُمَّ جَلَسَ فِيْهِ) অতঃপর তিনি বসতেন বাড়ীতে প্রবেশের পূর্বে যাতে মুসলিমরা তাঁর সাথে সাক্ষাৎ করে এটা আল্লাহর সৃষ্টিজীবের উপর তাঁর অনুগ্রহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55262

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন